# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.২৩.৩১৭ তারিখ: ২৯ নভেম্বর, ২০২৩ খ্রি.

## শিক্ষক তথ্য হালনাগাদকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রম পরিচালিত সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের চলমান (২য়, ৪র্থ ও ৬ষ্ঠ পর্বে) পাঠদানকারী শিক্ষকগণের তালিকা (চিফ ইন্স:, উপাধ্যক্ষ ও অধ্যক্ষসহ) BTEB ওয়েবসাইটে **ই-সেবার মাধ্যমে আগামী ০২-১২-২০২৩ খ্রিঃ হতে ১০-১২-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে** স্ব-স্ব প্রতিষ্ঠান কর্তৃক হালনাগাদ করার জন্য বলা হলো। উল্লেখ্য, পূর্বে ই-সেবায় এন্ট্রিকৃত তালিকায় সকল শিক্ষকদের তথ্য হালনাগাদ (যেমন: পদবি সংশোধন, কর্মস্থল পরিবর্তন, ছবি সংযুক্ত ও চলমান পর্বের পাঠদানকৃত বিষয়সমূহ এন্ট্রি ইত্যাদি)করে দিতে হবে। সরকারি পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউটসমূহে খন্ডকালীন/পার্টটাইম শিক্ষক তথ্য এন্ট্রি করা যাবে না। খন্ডকালীন/পার্টটাইম ও অবসরপ্রাপ্ত শিক্ষকগণের তথ্য এন্ট্রি করে থাকলে তা ডিলিট করতে হবে। এই তালিকাকে ভিত্তি ধরে বোর্ডের বিভিন্ন কার্যক্রমে শিক্ষক নিয়োগ/দায়িত্ব প্রদান করা হবে।

**ই-সেবায় শিক্ষক তথ্য প্রেরণের ধাপ:** www.bteb.gov.bd → ই-সেবা → Sign-In → Institute → Teacher's Information Menu থেকে এন্ট্রি করতে হবে। ই-সেবার Password এর জন্য রেজিস্ট্রেশন করে Password Set করুন এবং সংরক্ষণ করুন। [www.bteb.gov.bd → ই-সেবা → প্রতিষ্ঠান → Registration (প্রয়োজনী তথ্য দিন) → Submit for OTP (OTP প্রবেশ করান)→ Submit]।
এ সংক্রান্ত তথ্যের জন্য প্রয়োজনে যোগাযোগ করুন ০১৫৫০৬২০৬০৪।

**ই-সেবায় তথ্য এন্ট্রির সময় নিম্নলিখিত বিষয়সমূহ খেয়াল রাখতে হবে।**

- শিক্ষক তথ্য এন্ট্রির সময় তাদের পদবি এবং চাকুরিতে যোগদানের তারিখ নির্ভূলভাবে এন্ট্রি করতে হবে।
- শিক্ষকগনের চাকুরির ধরন [Revnue, Project /URP] সঠিকভাবে নির্বাচন করতে হবে।
- প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং উপাধ্যক্ষের নিজ নিজ মূল টেকনোলজি অন্তর্ভূক্ত করতে হবে। (কর্মরত প্রতিষ্ঠানে না থাকিলেও)।
- চলমান পর্বের প্রতিষ্ঠানের ক্লাস রুটিন অনুসরণ করে **সর্বোচ্চ ৪ (চার)** টি বিষয় নির্বাচন করে ই-সেবায় এন্ট্রি করতে হবে।
- শিক্ষকগণ কোন কোন কাজে আগ্রহী (যেমন : অনাভ্যন্তরীণ পরীক্ষক হিসেবে দায়িত্ব পালন, উত্তরপত্র মূল্যায়ন, নিরীক্ষণ, প্রধান পরীক্ষণ, প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন ইত্যাদি) তা সঠিকভাবে ক্রমানুযায়ী উল্লেখ করতে হবে।
- কোন শিক্ষক যদি বোর্ডের কোন কাজে আগ্রহী না থাকেন তাহলে আগহী নয় মর্মে যথাযথ স্থানে এন্ট্রি দিতে হবে।

বি. দ্র. শিক্ষকদের তথ্যাদি ই-সেবায় এন্ট্রি বা হালনাগাদকরেণের পূর্বে প্রতিষ্ঠান প্রধানগণ অবশ্যই স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের ভালোভাবে যাচাই করে নিশ্চিত হবেন। উত্তরপত্র মূল্যায়নে অনাগ্রহীদের প্রধান পরীক্ষক হিসেবে নিয়োগ করা নাও হতে পারে।

স্বাঃ/-
**(মোঃ কেপায়েত উল্লাহ)**
পরীক্ষা নিয়ন্ত্রক

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.২৩.৩১৭(১২) তারিখ: ২৯ নভেম্বর, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২. আঞ্চলিক পরিচালক [সকল] ।
৩. অধ্যক্ষ, সকল সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট/বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি/বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গ্লাস এন্ড সিরামিক/ গ্রাফিক আর্টস ইন্সটিটিউট/বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট/ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইন্সটিটিউট/ফেনী কম্পিউটার ইন্সটিটিউট।
৪. অধ্যক্ষ/পরিচালক, .................................................................................................।
৫. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা [নোটিশটি ওয়েবসাইটে -এ প্রকাশ এবং বর্ণিত তারিখ মোতাবেক অনলাইন কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]।
৮. সহকারী প্রোগ্রামার [ডিপ্লোমা-ইন- ইঞ্জিনিয়ারিং এর দায়িত্বপ্রাপ্ত] বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/বিতরণ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
১১. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. নথি।

**(মোহাম্মদ আবুল শাহেন কাওছার সরকার)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩১